অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক সিটির স্কুল জোনের স্পিড ক্যামেরাগুলোর ব্যবহার সম্প্রসারণ করতে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

আইনটি (S.5602B/A.10438) 1 জুলাই, 2025 তারিখ পর্যন্ত অনুমোদন নবায়ন করছে এবং 24/7 ব্যাপী চালু রাখতে ক্যামেরার ব্যবহার সম্প্রসারণ করছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্কুল জোনের ক্যামেরাগুলোর ব্যবহার দিনের 24 ঘণ্টা, সপ্তাহের সাত দিনের জন্য পুনঃঅনুমোদন ও সম্প্রসারণ করতে আইন (S.5602B/A.10438) স্বাক্ষর করেছেন। নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস, স্টেট সিনেটর অ্যান্ড্রু গোউনারডেজ, অ্যাসেম্বলি সদস্য ডেবোরা গ্লিক, এবং নিরাপদ সড়কের সমর্থকদের সঙ্গে নিয়ে আজ গভর্নর এই বিলে স্বাক্ষর করেন।

"গভর্নর হিসেবে আমার প্রথম অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা, এবং সেটা শুরু হয় আমাদের শিশুরা যাতে ক্ষতির মুখোমুখী না হয়ে স্কুলে যাতায়াত করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার মধ্য দিয়ে," **বলেছেন গভর্নর হোকল।** "আমি এই আইনটি সম্ভব করে তোলার জন্য যারা অত্যন্ত কঠোর পরিশ্রম করেছেন সেসব আইন প্রণেতাদের ধন্যবাদ জানাতে চাই, কারণ নিউ ইয়র্কবাসীদের নিরাপদ সড়ক পাওয়ার অধিকার শুধু দিনের কয়েক ঘণ্টার জন্য নয়। আমাদের সাধ্যের মধ্যে সব হাতিয়ার কাজে লাগাতে হবে, এবং গাড়ি দুর্ঘটনায় আমাদের এত বেশি সংখ্যক শিশু নিহত হয়েছে যে এই জীবন রক্ষাকারী কর্মসূচির পুনঃঅনুমোদন না দেওয়া ও সম্প্রসারণ না করার কোনো সুযোগ নেই।"

"আমাদের শিশুদের এবং আমাদের সড়কগুলো, বিশেষ করে আমাদের স্কুলগুলোর আশেপাশের এলাকার সড়কগুলো নিরাপদ রাখতে সাধ্যমতো সবরকম প্রচেষ্টা চালানো আমাদের গুরুদায়িত্ব। বেপরোয়া গাড়ি চালকদের কারণে বহু লোক আহত হয়েছেন এবং বহু প্রাণ হারিয়ে গেছে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো**। "আজ স্বাক্ষর হওয়া নতুন স্পিড ক্যামেরা আইন শুধু যে মাত্রাতিরিক্ত গতিতে চলমান যানবাহন থেকে পথচারীদের সুরক্ষিত রাখবে তাই নয়, বরং অপরাধ সংঘটিত হওয়া রোধ করার মাধ্যমে সুরক্ষার একটি বাড়তি স্তর যোগ করবে।"

বর্তমানে, যানবাহন ও ট্রাফিক আইন (Vehicle and Traffic Law) নিউ ইয়র্ক সিটির স্কুল জোনের স্পিড ক্যামেরাগুলোর কর্মঘণ্টা সপ্তাহের দিনগুলোতে সকাল 6:00টা থেকে রাত 10:00টার মধ্যে

সীমিত রেখেছে। এই আইন এসব ক্যামেরা ব্যবহারের অনুমোদন মঙ্গলবার, 1 জুলাই, 2025 তারিখ পর্যন্ত বর্ধিত করছে এবং কর্মঘণ্টার সীমা দূর করতে যানবাহন ও ট্রাফিক আইন সংশোধন করছে।

2013 সালে পাঁচ-বছর মেয়াদী একটি পরীক্ষামূলক কর্মসূচি দিনের নির্দিষ্ট কিছু সময়ের জন্য নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোর কাছাকাছি এলাকায় অল্প সংখ্যক স্পিড সেফটি ক্যামেরা ব্যবহারের অনুমতি দেয়। 2019 সালে এই আইন নবায়ন ও সম্প্রসারণ করা হয়, এবং এই সম্প্রসারণের মেয়াদ 1 জুলাই, 2022 তারিখে শেষ হবে।

নিউ ইয়র্ক সিটিতে ট্রাফিক দুর্ঘটনার ফলে মৃত্যুর সংখ্যা মর্মান্তিকভাবে বৃদ্ধি পেয়েছে, এবং এই বিষয়টি সুস্পষ্ট যে বেপরোয়াভাবে গাড়ি চালানো শুধু সপ্তাহের দিনগুলোতে দিনের আলো থাকাকালীন সময়ের মধ্যে সীমাবদ্ধ নয়। নিউ ইয়র্কের পরিবারগুলোকে সুরক্ষিত রাখতে আরো বেশি পদক্ষেপ গ্রহণ করতে হবে, এই আইনটি স্বাক্ষর করে গভর্নর হোকল জীবন রক্ষাকারী হিসেবে প্রমাণিত হওয়া এই নীতিমালার সম্প্রসারণ নিশ্চিত করতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করছেন।

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "ট্রাফিক নিরাপত্তা হলো জন নিরাপত্তা, এবং স্পিড ক্যামেরাগুলো জীবন বাঁচায় — এখন আমরা 24/7 এই প্রমাণিত হাতিয়ারটি ব্যবহার করতে পারবো। এই সোমবারে, আমরা আরো একবার আমাদের সিটিতে ট্রাফিক সহিংসতার বাস্তবতা প্রত্যক্ষ করেছি। আমাদের সড়কগুলো নিরাপদ না হলে আমাদের সিটিও নিরাপদ নয়। এই পদক্ষেপের মাধ্যমে আমরা আমাদের সড়কগুলো সুরক্ষিত রাখবো, জীবন বাঁচাবো, এবং নিউ ইয়র্ক সিটিকে অধিকতর নিরাপদ করে তুলবো।"

স্টেট সিনেটর অ্যান্ড্রু গোউনারডেজ বলেন, "আজ রাত 10:01টার সময়, নয় বছর আগে নিউ ইয়র্ক সিটিতে স্পিড ক্যামেরা অনুমোদিত হওয়ার পর থেকে প্রথম বারের মতো, ক্যামেরাগুলো উইকএন্ডে এবং দিনের 24 ঘণ্টার জন্য সচল থাকবে। নিঃসন্দেহে এটি নিউ ইয়র্ক সিটিতে বহু জীবন বাঁচাবে। আমি আমার বিলটি স্বাক্ষরের জন্য গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই, তবে আরো গুরুত্বপূর্ণ ব্যাপার হলো এই কর্মসূচির পূর্ণাঙ্গ সম্ভাবনা বাস্তবায়নের জন্য যারা দীর্ঘ সময় ধরে কঠোর সংগ্রাম চালিয়ে এসেছেন সেসব সমর্থকদেরকে আমি ধন্যবাদ দিতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরা গ্লিক বলেন, "স্কুল জোনে স্পিড ক্যামেরা আইনের মূল পৃষ্ঠপোষক হিসেবে 2019 সালে এবং এবছর আবারো এই জীবন রক্ষাকারী কর্মসূচি বর্ধিত করতে পেরে আমি গর্বিত। দিনের সকল সময়ে নিরাপদে গাড়ি চালাতে উৎসাহিত করা এই ডাটা-ভিত্তিক প্রমাণিত প্রযুক্তি অনুমোদন করার ফলে আমাদের স্কুলগুলোর আশেপাশের সড়কগুলো অধিকতর নিরাপদ হবে এবং জীবন রক্ষা হবে। সড়ক নিরাপত্তার জন্য এটি একটি বড় জয়, এবং ফ্যামিলিজ ফর সেফ স্ট্রিটস (Families for Safe Streets), ট্রান্সপোর্টেশন অল্টারনেটিভস (Transportation Alternatives), এবং আরো অনেকের জোরালো সমর্থন ছাড়া এটি বাস্তবায়ন করা সম্ভব হতো না। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিলটিতে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

NYC কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ অংশের হুইপ সেল্‌ভেনা এন. ব্রুকস-পাওয়ার্স, পরিবহন ও অবকাঠামো বিষয়ক কমিটির সভাপতি, বলেন, "ট্রাফিক আইন প্রয়োগের পদ্ধতিগুলোর যথাযথ বাস্তবায়ন, যেমন স্পিড ক্যামেরা ও সড়কের অবকাঠামো জীবন বাঁচাতে পারে। S5602/A10438 বিলটির পাশ হওয়া নিশ্চিত করতে হোম রুল পাশ করায় আমি আমার সঙ্গী কাউন্সিল সদস্যদের সাধুবাদ জানাই। এসব বিল একটি সুস্পষ্ট বার্তা দেয় যে নিউ ইয়র্ক আমাদের সিটিকে ব্যাধিগ্রস্ত করে রাখা ট্রাফিক দুর্ঘটনা ও হতাহতের ঘটনার বৃদ্ধি রুখতে ব্যাপকভাবে আগ্রহী।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস জুনিয়র বলেন, "স্কুল জোনগুলোতে স্পিড সেফটি ক্যামেরা বিপজ্জনকভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে একটি প্রমাণিত প্রতিবন্ধক হিসেবে ভূমিকা রেখে আসছে, যা সব বয়সের নিউ ইয়র্কবাসীদের জীবন বাঁচাতে সফলতার প্রমাণ রেখেছে। এসব ক্যামেরার ব্যবহার সম্প্রসারণ ট্রাফিক সহিংসতা প্রতিরোধ করতে এবং আমাদের পরিবারগুলোকে নিরাপদ রাখতে সাহায্য করবে, যা আমাদের সড়কগুলো যেন সত্যিকার অর্থেই সেগুলোর ব্যবহারকারীদের হয়ে কাজ করে সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে সামনের দিকে একটি উল্লেখযোগ্য পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। এত গুরুত্বপূর্ণ একটি আইন পাশ করার জন্য স্টেটের আইন পরিষদে আমাদের অংশীদারদের এবং এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় গভর্নর হোকলকে ধন্যবাদ।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন, "আগের যেকোনো সময়ের চেয়ে এখন, ম্যানহাটন ও NYC জুড়ে ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাওয়ার এই সময়ে, নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য আমাদের স্পিড ক্যামেরার মতো সাধারণ বিবেচনাবোধের সাথে সঙ্গতিপূর্ণ সমাধানগুলো প্রয়োজন। এটি অস্বীকার করার কোনো উপায় নেই। স্পিড ক্যামেরাগুলো নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখে এবং আমি রোমাঞ্চিত যে এখন সেগুলো রাতেও সচল থাকবে, যে সময়ে মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর ঘটনা সবচেয়ে বেশি ঘটে থাকে এবং নিউ ইয়র্কবাসীরা সবচেয়ে বেশি বিপদে থাকেন। পদক্ষেপ গ্রহণ করতে এগিয়ে আসা এবং এই অতি গুরুত্বপূর্ণ আইনটি পাশ করার জন্য আমি গভর্নরকে এবং স্টেটের আইন পরিষদে আমাদের সহকর্মীদের প্রশংসা করি এবং অধিকতর নিরাপদ সড়কের জন্য প্রচেষ্টা চালিয়ে যেতে তাদের সঙ্গে, সমর্থকদের ও সাধারণ অধিবাসীদের সঙ্গে অব্যাহতভাবে কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

NYC-এর পরিবহন কমিশনার ইডানিস রডরিগেজ বলেন, "আমরা জানি যে স্পিড ক্যামেরা জীবন বাঁচায়, তাই গভর্নর হোকলের আজকের পদক্ষেপের জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ — কারণ বর্তমান আইন আমাদের যে সময়গুলোতে প্রাণঘাতী মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর ঘটনা বেশি ঘটে সে সময়ে এটি রোধ করার কোনো সুযোগ দেয়নি। মেয়র এরিক অ্যাডামস-এর নেতৃত্বের অধীনে, শীঘ্রই আমরা এই অতি গুরুত্বপূর্ণ আইনটি এমন উপায়ে বাস্তবায়ন ও প্রচার করার একটি বিশদ ও কার্যকর পরিকল্পনা প্রদান করবো যা সব নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখবে।"

ফ্যামিলিজ ফর সেফ স্ট্রিটস-এর সহ-প্রতিষ্ঠাতা অ্যামি কোহেন বলেন, "আজ গভর্নর হোকল জীবন রক্ষা করছেন। নিউ ইয়র্কে আর কোনো পরিবারের ভয়ঙ্কর ট্রাফিক সহিংসতায়

প্রিয়জন হারানোর পরিস্থিতির মুখোমুখী হওয়া কাম্য নয়। এটি এক অবর্ণনীয় বেদনা। একারণেই আমরা ট্রাফিক সহিংসতার অবসান ঘটাবে এমন নীতিমালা প্রণয়ন করতে নিরলসভাবে কাজ করছি। 24/7 স্পিড ক্যামেরা আমাদের সড়কগুলোতে আরো নিরীহ প্রাণ হারানো প্রতিরোধ করবে। গভর্নর হোকলের পাশাপাশি, আমরা সিনেটর গোউনারডেজ, অ্যাসেম্বলি সদস্য গ্লিক এবং আইন পরিষদের আমাদের সব সমর্থককে এই বিষয়ে তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য এবং পাঁচটি বরো জুড়ে সড়কগুলো নিরাপদ করে তুলতে তাদের ভূমিকা পালন করার জন্য ধন্যবাদ জানাই।"

ট্রান্সপোর্টেশন অল্টারনেটিভস-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ড্যানি হ্যারিস বলেন, "মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো কখনো বন্ধ হয় না, আর এখন আমাদের স্পিড সেফটি ক্যামেরাগুলো বন্ধ হবে না। মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো গাড়ি চালকদের থামানোর জন্য কার্যকর প্রমাণিত হওয়া হাতিয়ার এখন প্রতিটি এলাকায়, দিনের প্রতিটি ঘণ্টায় এবং সপ্তাহের প্রতিটি দিন সক্রিয় থাকবে। স্টেট কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে আইন প্রয়োগ শক্তিশালীকরণের পাশাপাশি সিটি কর্তৃক সড়কগুলোর নিরাপদভাবে পুনরায় নকশা প্রণয়ন সড়ক পার হওয়ার সময় আর কোনো ব্যক্তির মৃত্যু বা আঘাতের শিকার হওয়ার ভয়ে ভীত না হওয়া নিশ্চিত করবে। আজ এই পদক্ষেপে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর হোকলকে এবং স্টেটের যেসব আইন প্রণেতাদের নেতৃত্ব এই জীবন রক্ষাকারী হাতিয়ারকে এগিয়ে নিতে সাহায্য করেছে তাদের সবাইকে ধন্যবাদ জানাই।"

আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশন (Regional Plan Association)-এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট কেট স্লেভিন বলেন, "নিউ ইয়র্ক সিটিতে মর্মান্তিক মৃত্যুর ঘটনা এত বেশি বৃদ্ধি পেয়েছে যা 2015 সালের পর থেকে আর কখনো দেখা যায়নি। একারণেই স্পিড ক্যামেরার ব্যবহার সম্প্রসারণ করা এত গুরুত্বপূর্ণ— এগুলো পথচারীদের, সাইকেল আরোহীদের ও গাড়ি চালকদের জন্য সড়কগুলো নিরাপদ করে তুলতে আইন প্রয়োগ ও সড়কের নকশা প্রণয়নের প্রচেষ্টার সম্মিলন ঘটানো একটি অধিকতর বিস্তৃত কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ। আমরা গভর্নর হোকল, সিনেটর অ্যান্ড্রু গোউনারডেজ, অ্যাসেম্বলি সদস্য ডেবোরা গ্লিক, ও মেয়র এরিক অ্যাডামস এবং অন্যান্য নির্বাচিত নেতৃবৃন্দকে এই আইনটি এগিয়ে নেওয়ার জন্য অভিনন্দন জানাই।"

ত্রি-স্টেট পরিবহন ক্যাম্পেইন (Tri-State Transportation Campaign)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর রিনে রেনল্ডস বলেন, "রাতে ও উইকএন্ডের সময় স্পিড ক্যামেরাগুলো বন্ধ রাখার কোনো যৌক্তিকতা নেই। সাধারণত এই সময়গুলোতে সড়কে যানবাহনের ভীড় কম থাকে, এবং সেকারণেই তখন বেপরোয়া গাড়ি চালকদের মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর সম্ভাবনা বেশি থাকে। আমাদের সিটির শিশু, বাবা-মা, প্রবীণ, ও পথচারীদের স্কুলের আশেপাশের এলাকায় বেপরোয়া গাড়ি চালকদের দ্বারা আঘাতের ও মৃত্যুর শিকার হওয়া নিয়ে দুশ্চিন্তা করার প্রয়োজন হওয়া উচিত নয়। নিউ ইয়র্ক সিটি জুড়ে স্কুল জোনগুলোতে স্পিড ক্যামেরার ব্যবহার পুনরায় অনুমোদন করা এবং সম্প্রসারণ করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করি। গভর্নরের পূর্ণ সমর্থন নিউ ইয়র্ক সিটিতে সড়কে মৃত্যুর ঘটনার অবসান ঘটানোর পথে একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

ওপেন প্ল্যানস (Open Plans)-এর ডিরেক্টর অব পলিসি সারা লিন্ড বলেন, "আমাদের সড়কগুলোকে অবিলম্বে অধিকতর নিরাপদ করে তুলবে এমন পদক্ষেপ গ্রহণের জন্য আমরা গভর্নরের এবং এই বিলের পৃষ্ঠপোষকদের প্রশংসা করি। স্পিড ক্যামেরা কর্মসূচি সম্প্রসারণ করা এই জনস্বাস্থ্য সংকট মোকাবেলায় গৃহীত অতি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ। সত্যিকারের নিরাপদ সড়ক পাওয়ার হাতিয়ারগুলোর মধ্যে ক্যামেরা একটি অপরিহার্য অংশ দখল করে আছে এবং আরো বেশি সাধারণ বিবেচনাবোধের সাথে সঙ্গতিপূর্ণ সমাধান, যেমন সড়কগুলোর পুনরায় নকশাকরণ এবং গতি সীমা কমানো, কাজে লাগানোর মাধ্যমে আমরা প্রাণঘাতী ট্রাফিক সহিংসতা পুরোপুরিভাবে মোকাবেলা করতে পারবো।"

বাইক নিউ ইয়র্ক (Bike New York)-এর প্রেসিডেন্ট ও CEO কেন পডজিবা বলেন, "ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা সর্বকালের সর্বোচ্চ মাত্রায় থাকার এই সময়ে, বিশেষ করে রাতের সময়গুলোতে, আমরা আনন্দিত হয়েছি যে গভর্নর হোকল এবং আমাদের স্টেট নেতৃবৃন্দ স্পিড ক্যামেরা কর্মসূচি সম্প্রসারণের জন্য পদক্ষেপ গ্রহণ করেছেন। ট্রাফিক সহিংসতার সংকট কমিয়ে আনা সিটি ও স্টেট পর্যায়ের নির্বাচিত কর্মকর্তাদের সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া আবশ্যক, এবং বিপজ্জনকভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে লড়াই করা এবং প্রতিরোধযোগ্য মৃত্যু বন্ধ করতে সাহায্য করার ক্ষেত্রে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

স্ট্রিটস-প্যাক (StreetsPAC)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর এরিক ম্যাকক্লুর বলেন, "এই জীবন রক্ষাকারী বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমরা গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ, এবং সিনেটর গোউনারডেজ ও অ্যাসেম্বলি সদস্য গ্লিকের প্রতি এই বিল পাশের জন্য তাদের অবিচল কর্মতৎপরতার জন্য কৃতজ্ঞ। গাড়ি চালকরা আর গভীর রাতে অথবা উইকএন্ডের সময়গুলোতে মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর সুযোগ আছে বলে মনে করতে পারবে না, এবং এ কারণে সব নিউ ইয়র্কবাসী নিরাপদ থাকবেন। ক্যামেরাগুলো বন্ধ থাকার সময়ে কত বেশি বিপজ্জনকভাবে গাড়ি চালানোর ঘটনা ঘটেছে এবং ক্যামেরা সচল থাকাকালীন সময়ে মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো কতটা কমে গেছে সে বিষয়টি ডাটা থেকে সুস্পষ্টভাবে দেখা যায়। সাধারণ বিবেচনাবোধের সাথে সঙ্গতিপূর্ণ এই আইন আমাদের সড়কগুলোর নিরাপত্তার ক্ষেত্রে ব্যাপক প্রভাব ফেলবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন